# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৪১০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. প্রথম অনুচ্ছেদ - খুতবাহ্ ও সালাত

بَابُ الْخُطْبَةِ وَالصَّلَاةِ

### আরবী

وَعَنْ عَمْرِو بْنِ حُرَيْثٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَطَبَ وَعَلَيْهِ عِمَامَةٌ سَوْدَاءُ قَدْ أَرْخَى طَرَفَيْهَا بَيْنَ كَتِفَيْهِ يَوْمَ الْجُمُعَةِ. رَوَاهُ مُسلم

### বাংলা

১৪১০-[১০] ’আমর ইবনু হুরায়স (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু’আর দিনে খুতবাহ্ দিলেন। তখন তাঁর মাথায় ছিল কালো পাগড়ী। পাগড়ীর দু’মাথা তাঁর দু’কাঁধের মাঝখানে ঝুলিয়ে দিয়েছিলেন। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩৫৯, আবী দাঊদ ৪০৭৭, নাসায়ী ৫৩৪৬, ইবনু মাজাহ্ ১১০৪, আহমাদ ১৮৭৩৪, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৯৭৭, শারহুস্ সুন্নাহ্ ১০৭৫, সহীহাহ্ ৭১৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে খুতবায় কালো পোশাক পরিধান করার বৈধতা রয়েছে, যদি সাদা পোশাক কালো পোশাক অপেক্ষা উত্তম। যেমন সহীহ হাদীসে রয়েছে যে, তোমাদের উত্তম পোশাক হলো সাদা পোশাক। তবে খতীবগণ খুতবায় কালো পোশাক পরলে তা বৈধ। কিন্তু সাদা পোশাক উত্তম। যেমন আমরা উল্লেখ করেছি। এ হাদীসে কালো পাগড়ী পরিধানের বর্ণনাটি বৈধতার ক্ষেত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55970

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন